# নমুনা প্রশ্ন
# বাংলা দ্বিতীয় পত্র
# রচনামূলক

**সময়-২:১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

১. যেকোনো একটির অনুবাদ করুন। ১×৫=৫

ক. A patriot is a man who loves his country, works for it and is willing to fight and die for it. Every soldier is bound to do his duty. But the best soldiers do more than this. They risk their lives because they love the country they are fighting for.

খ. Modern Science is teaching us that no one lives alone. Co-operation between individuals and then between families, was essential to the life of man when he competed with animals of field and forests.

২. যেকোনো একটির অনুচ্ছেদ রচনা করুন। ১×৫=৫
ক. পরিবেশ দূষণ
খ. চরিত্র।

৩. যেকোনো একটি বিষয়ে পত্র লিখুন। ১×৫=৫
ক. আপনার সাম্প্রতিক পড়া একটি কাব্যগ্রন্থের বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুর কাছে একটি পত্র লিখুন।
খ. আপনার বিদ্যালয়ে বিজ্ঞান মেলা আয়োজনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষক বরাবর একটি আবেদনপত্র লিখুন।

৪. যেকোনো একটি সারাংশ বা সারমর্ম লিখুন। ১×৫=৫

ক. কোন সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছা যদি তোমার থাকে তাহলে তাদের সব বই ধ্বংস কর এবং সকল পণ্ডিতকে হত্যা কর, তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। লেখক, সাহিত্যিক ও পণ্ডিতরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে তারা বাঁচে না। দেশকে বা জাতিকে উন্নত করতে ইচ্ছা করলে সাহিত্যের সাহায্যে তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধাণত সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি কর, আর কিছুরই আবশ্যকতা নেই।

খ. বসুমতি কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করে পাই শস্য কণা।
দিতে যদি হয় দে মা প্রসন্ন সহাস;
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শষ্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি, কন বসুমতি–
আমার গৌরব তাতে সামান্যই বাড়ে
তোমার গৌরব তাতে একেবারে ছাড়ে।

৫. যেকোনো একটি বিষয়ে ভাবসম্প্রসারণ লিখুন। ১×১০=১০
ক. স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।
খ. পরের অনিষ্ট চিন্তা করে যেই জন
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

৬. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন লিখুন। ১×১০=১০
ক. আপনার বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উপর একটি প্রতিবেদন তৈরি করুন।
খ. আপনার এলাকায় বৃক্ষরোপণ সপ্তাহ উদ্‌যাপনের উপর একটি প্রতিবেদন প্রণয়ন করুন।

৭. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন। ১×২০=২০
ক. অধ্যবসায় ।
খ. মানব কল্যাণে বিজ্ঞান।
গ. বৃক্ষরোপণ ও বনায়ন।
ঘ. বাংলাদেশের ঋতুবৈচিত্র্য।
ঙ. জাতি গঠনে নারী সমাজের ভূমিকা।

## বহু নির্বাচনি প্রশ্ন

১. কোনটি উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হয়?
ক. উপমান কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয়

২. উপসর্গের কাজ কী?
ক. যদি সংস্থাপন খ. বর্ণ সংস্করণ গ. নতুন শব্দ গঠন ঘ. ভাবের পার্থক্য নিরূপণ

৩. বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে কী বলে?
ক. সাধিত ধাতু খ. বিদেশি ধাতু গ. মৌলিক ধাতু ঘ. নাম ধাতু

৪. কৃৎ প্রত্যয় সাধিত পদকে কী বলে?
ক. ক্রিয়া প্রকৃতি খ. কৃদন্ত পদ গ. প্রকৃতি ঘ. ক্রিয়া পদ

৫. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?
ক. প্রাতিপদিক খ. বিদেশি গ. সাধিত ঘ. যৌগিক

৬. অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়?
ক. দুই খ. তিন গ. পাঁচ ঘ. ছয়

৭. কোন বাক্যে অব্যয় বিশেষণ-এর ব্যবহার আছে?
ক. ধীরে ধীরে বায়ু বয় খ. রকেট অতি দ্রুত চলে
গ. সামান্য একটু দুধ দাও ঘ. ধিক তাকে শত ধিক নির্লজ্জ যে জন

৮. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।'- বাক্যটিতে ব্যবহৃত হয়েছে-
ক. যৌগিক ক্রিয়া খ. নাম ধাতুর ক্রিয়া গ. প্রযোজক ক্রিয়া ঘ. মিশ্র ক্রিয়া

৯. 'মবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।'- কোন কাল?
ক. সাধারণ অতীত খ. ঘটমান অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. ঘটমান বর্তমান

১০. সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় কোন ক্রিয়া বিভক্তি হয়?
ক. উন, ন খ. বেন, ন গ. ইও, ইবে ঘ. অ, ও

১১. 'কাটিতে কাটিতে ধান এল বরষা'-এই বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. সমকাল খ. নিরন্তরতা গ. সূচনা ঘ. সমাপ্তি

১২. ভাষার মূল উপাদান কী?
ক. ধ্বনি খ. অক্ষর গ. বর্ণ ঘ. শব্দ

১৩. আঞ্চলিক ভাষার অপর নাম কী?
ক. সাধু ভাষা খ. চলিত ভাষা গ. উপ ভাষা ঘ. কথ্য ভাষা

১৪. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. ফারসি খ. আরবি গ. তুর্কি ঘ. পর্তুগিজ

১৫. বাংলা ব্যাকরণে প্রদান আলোচ্য বিষয় কয়টি?
ক. দুটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি

১৬. বাক্যতত্ত্বের অপর নাম কী?
ক. রূপতত্ত্ব খ. শব্দতত্ত্ব গ. ধ্বনি তত্ত্ব ঘ. পদক্রম

১৭. বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা−
ক. পঁচিশটি খ. ত্রিশটি গ. পঁয়ত্রিশটি ঘ. চল্লিশটি

১৮. শ, ষ, স-এ তিনটি বর্ণকে বলে−
ক. স্পর্শ বর্ণ খ. শিস বর্ণ গ. উষ্ম বর্ণ ঘ. পার্শ্বিক বর্ণ

১৯. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?
ক. সমীভবন খ. বিষমী ভবন গ. স্বর সংগিত ঘ. সমীকরণ

২০. 'ঋ', 'র', 'ষ' এর পরে কী হয়?
ক. ন খ. ণ্ন গ. ণ্য ঘ. ণ

২১. সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে–
ক. 'ষ' হয় খ. 'ণ' হয় গ. 'ণ' হয় না ঘ. 'ষ' হয় না

২২. 'ধাতুর গণ' বলতে বোঝায়, ধাতুর–
ক. লেখার ধরন খ. বানানের ধরন গ. উচ্চারণের ধরন ঘ. বিন্যাসের ধরন

২৩. 'বাবা বাড়ি নেই'– নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য গ. অধিকরণে শূন্য ঘ. অপদানে শূন্য

২৪. কোন বাক্যে ব্যতিহার কর্তা রয়েছে?
ক. মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন খ. তোমাকে পড়তে হবে
গ. রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে ঘ. বাঘে-মহিষে একঘাটে জল খায়

২৫. 'বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা?'– এ বাক্যে 'বিনে' অনুসর্গটি কোন অর্থ প্রকাশ করেছে?
ক. ব্যতিরেকে খ. সঙ্গে গ. প্রয়োজনে ঘ. নিমিত্তে

২৬. 'শবদাহ' স্থলে 'শবপোড়া' ব্যবহার করলে ভাষা কোন দোষে দুষ্ট হয়?
ক. বাহুল্য দোষে খ. দুর্বোধ্যতা দোষে গ. উপমার ভুল প্রয়োগ ঘ. গুরুচণ্ডালী দোষে

২৭. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না'- এক কথায় কী হবে?
ক. দুর্ণিবার খ. অনিবার্য গ. দুর্দমনীয় ঘ. অদম্য

২৮. শব্দের আভিধানিক অর্থকে কী বলে?
ক. লক্ষ্যার্থ খ. বাচ্যার্থ গ. আসত্তি ঘ. যোগ্যতা

২৯. 'মণিকাঞ্চন যোগ'– এর সমার্থক বাগধারা কোনটি?
ক. সোনায় সোহাগা খ. দহরম-মহরম গ. শিরে সংক্রান্তি ঘ. কেতাদুরস্ত

৩০. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ–
ক. অর্ণব খ. অম্বু গ. অবনী ঘ. অরণী

৩১. যৌগিক ও মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বুঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক. লোপ চিহ্ন খ. উদ্ধরণ চিহ্ন গ. কমা ঘ. ড্যাশ

৩২. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক. পুনরায় খ. একাদশ গ. পরিষ্কার ঘ. মনোহর

৩৩. কোনটি বিশেষ নিয়মে সাধিত সন্ধি?
ক. সংস্কৃত খ. তৎসম গ. তস্কর ঘ. পরস্পর

৩৪. 'চিঁক চিক করে বালি কোথা নাই কাদা'– এখানে দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক. বিশেষ্যের বিশেষণ খ. অব্যয়ের বিশেষণ গ. বিশেষণের বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ

৩৫. 'গীতিকা' শব্দটি কোন অর্থে স্ত্রী লিঙ্গ?
ক. সমার্থে খ. বৃহদার্থে গ. ক্ষুদ্রার্থে ঘ. বিপরীতার্থে

৩৬. কোনটি পূরণ বাচক সংখ্যা?
ক. নবম খ. দোসরা গ. কুড়ি ঘ. দশ

৩৭. 'বচন' ব্যাকরণের কী জাতীয় শব্দ?
ক. তৎসম খ. পারিভাষিক গ. অর্ধ-তৎসম ঘ. বিদেশি

৩৮. কোন বহুবচন বাচক প্রত্যয়টি কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক. ফুল খ. দাম গ. বৃন্দ ঘ. গুচ্ছ

৩৯. কোন পদাশ্রিত নির্দেশকটি নির্দিষ্টতা ও অনির্দিষ্টতা উভয় বুঝায়?
ক. কেতা খ. গাছি গ. গুলিন ঘ. টো

৪০. দ্বিগু সমাস নিষ্পন্ন পদটি কোন পদ হয়?
ক. বিশেষ্য খ. কৃদন্ত গ. বিশেষণ ঘ. সর্বনাম